# ৬ষ্ঠ উপজেলা পরিষদের ১৪ তম মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : তানিয়া আক্তার, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ, কানাইঘাট
তারিখ : ২৮ জুলাই ২০২৫
সময় : ১১.০০ ঘটিকায়

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট "ক এবং খ"।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত।

| ক্র: নং | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, বর্তমানে উপজেলা হাসপাতালে ঔষধে বরাদ্দ খুব কম। এব্যাপারে উপজেলা পরিষদের সহযোগিতা কামনা করেন। অত্র উপজেলায় টাইফয়েড এর প্রকোপ বেশি। অতিদ্রত টাইফয়েড ভ্যাক্সিনেশন শুরো হবে বলে তিনি সভাকে অবহিত করেন এবং উক্ত ভ্যাক্সিনেশন কার্যক্রমে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান তাঁর দপ্তরের টেলিফোন লাইন দীর্ঘ দিন যাবত অচল। এব্যাপারে উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার কে অনুরোধ জানান। | !)অত্র উপজেলায় টাইফয়েড ভ্যাক্সিনেশনক কার্যক্রমে সহযোগিতা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সহ সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>!!) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের টেলিফোন লাইন মেরামতের প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য উপজেলা টেলিফোন এক্সচেঞ্জ কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | !)উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট<br>!!) উপসহকারী প্রকৌশলী, উপজেলা টেলিফোন এক্সচেঞ্জ, কানাইঘাট, সিলেট |
| ০২ | আইন- শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানার প্রতিনিধি জানান, অত্র উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক এবং সংশ্লিষ্ট ইউনিয়নে বিট পুলিশের ডিউটি অব্যাহত রয়েছে। | আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার নিমিত্ত বিট পুলিশের ডিউটি অব্যাহত রাখার জন্য অফিসার ইনচার্জ, কানাইঘাট থানা কে অনুরোধ করা হলো। | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা কানাইঘাট, সিলেট |
| ০৩ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান, প্রাথমিক শিক্ষার কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। আগামী ১৮ আগস্ট ২০২৫ হতে ২য় প্রান্তিক মূল্যায়ণ কার্যক্রম শুরো হবে। অত্র উপজেলায় এ বছর ১০৭৭ জন ৫ম শ্রেণীর শিক্ষার্থী বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ করবে। | প্রাথমিক শিক্ষার কার্যক্রম জোরদার করার লক্ষ্যে তদারকি বৃদ্ধি জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৪ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে প্রত্যেক মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৫ | স্থানীয় সরকার প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বর্তমান অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় প্রকল্প গ্রহণের কার্যক্রম শুরু করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান, আমন ধান রোপনের কার্যক্রম চলমান। রাসায়নিক সারের মজুদ ও বিতরণ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। | কৃষি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | অতিবৃষ্টি ও পাহাড়ী ঢলে ফসলের ক্ষয়ক্ষতি হবার আশংক্ষা থাকলে জনপ্রতিনিধি সহ সকল স্তরের জনগণের সহযোগিতা কমনা করেন। | | |
| ০৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ এবং সুরক্ষা ও সংরক্ষণ বিধিমালা ১৯৮৫ অনুযায়ী চাষের উদ্দেশ্য ব্যতীত জুলাই থেকে ডিসেম্বর র্পযন্ত ৯ ইঞ্চি বা তার নিচের রুই জাতীয় ( রুই, কাতলা, মৃগেল, কালিবাউস ও ঘনিয়া) মাছ আহরণ, বরিবহন ও বিক্রয় নিষিদ্ধ। এপ্রিল থেকে আগস্ট পর্যন্ত ১২ ইঞ্চি বা তার নিচের বোয়াল, আইড় এবং সিলন মাছ আহরণ পরিবহন ও বিক্রয় নিষিদ্ধ। আইন অমান্যকারী কমপক্ষে ০১ বছর হতে ০২ বছরের সশ্রম কারাদন্ড অথবা সর্বোচ্চ ৫০০০/= (পাঁচ হাজার) টাকা অর্থদন্ড অথবা উভয় দন্ড হতে পারে। | অত্র উপজেলায় মৎস্য প্রজাতীর সুরক্ষার লক্ষ্যে মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ এবং সুরক্ষা ও সংরক্ষণ বিধিমালা ১৯৮৫ অনুযায়ী তদারকি বৃদ্ধির উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৮ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার প্রতিনিধি উপজেলা প্রাণিসম্পদ বিভাগের বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | প্রাণিসম্পদ বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা পরিস্থিতি স্বাভাবিক প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৯ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পরিবার পরিকল্পনা বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১০ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,উপজেলা সমাজসেবা বিভাগের বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | সমাজসেবা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১১ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা বাস্তবায়ন কর্মকর্তা জানান,২০২৪-২০২৫ অর্থ বছরের টি.আর, কাবিটা, কাবিখা এর প্রকল্পগুলো বাস্তবায়নের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে শেষ হয়েছে। এছাড়া অন্যান্য কাজ স্বাভাবিক রয়েছে। | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগে বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, মহিলা বিষয়ক অধিদপ্ত কর্তৃক বাস্ত বায়িত ভালনারেবল উইমেন বেনেফিট কর্মসূচির আওতায় ২০২৫-২০২৭ চক্রের নির্ধারিত সফ্টওয়্যারের মাধ্যমে আবেদন চাওয়াহলে ২৭১১টি আবেদন অনলাইনে জমা হয়। উক্ত আবেদন সমূহ থেকে ইউনিয়ন কমিটি সুপারিশ করে ১২৫০ জন উপকারভোগীর প্রাথমিক তালিকা উপজেলা কমিটির নিকট প্রেরণ করা হয়। উপজেলা কমিটির নীতিমালা অনুযায়ী যাচাই বাছাই করে অনলাইনে চুড়ান্ত তালিকা প্রস্তুত করা হয় যা অনুমোদনের জন্য তিনি সভায় উপস্থাপন করেন। এ ছাড়া মা ও শিশু সহায়তা কর্মসুচি আওতায় উপকারভোগীদের ইউনিয়ন পর্যায়ে এসবিসি প্রশিক্ষণ কার্য্যক্রম সম্পন্ন হয়েছে। | মহিলা বিষয়ক অধিদপ্ত কর্তৃক বাস্তবায়িত ভালনারেবল উইমেন বেনেফিট কর্মসূচির আওতায় ২০২৫-২০২৭ চক্রের উপজেলা কমিটির নীতিমালা অনুযায়ী আনলাইন প্রস্তুতকৃত তালিকা বিধিমোতাবিক অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৩ | আনসার | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান, | আনসার ও ভিডিপি বিভাগের | উপজেলা আনসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | ও ভিডিপি বিভাগ | ভিডিপি অ্যাডভান্স কোর্স" ২৮ দিন মেয়াদী প্রশিক্ষণে কানাইঘাট উপজেলা থেকে ০৮ জন সদস্য সিলেট জেলার আখালিয়া ক্যাম্পে প্রশিক্ষণ গ্রহণ করবে। এছাড়া সামগ্রিক সুষ্ঠু ও স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | ও ভিডিপি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উপজেলা সমবায় বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা উপজেলা সমবায় কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৫ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পল্লী উন্নয়ন বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়নকর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৬ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, যুব উন্নয়ন দপ্তরের স্বাভাবিক রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। আগামী ১২ আগস্ট ২০২৫ তালিখ জাতীয় যুব দিবস উদ্‌যাপিত হবে। উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য তিনি সকলকে অনুরোধ জানান। | জাতীয় যুব দিবস যথাযথ ভাবে উদ্‌যাপনে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয় | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৭ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় বন বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা বিট কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ হয়। | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট,সিলেট |
| ১৮ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) প্রতিনিধি সভায় জানান, ২০২৪-২০২৫ অর্থবছরের বরাদ্দের কাজ চলমান রয়েছে। | অত্র উপজেলার জন্য বরাদ্দকৃত গভীর নলকূপসমূহ দ্রুত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণের জন্য সহকারী প্রকৌশলীকে (জনস্বাস্থ্য) অনুরোধ করা হয়। | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কানাইঘাট, সিলেট |
| ১৯ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান,কানাইঘাট উপজেলার খাদ্যবান্ধব ওএমএস ডিলার নিয়োগ সুষ্ঠু ভাবে সম্পন্ন হয়েছে। বর্তমান অর্থ বছর হতে খাদ্য বান্ধব কর্মসূচি ০৬ মাস চলমান থাকবে পূর্বে ০৫ মাস ছিল। | খাদ্য নিয়ন্ত্রক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট, সিলেট |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রত্যেক মাসিক সভায় উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২১ | পল্লী বিদ্যুৎ সমিতি -২ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২ বলেন, বিগত ২১ জুলাই ২০২৫ কুমারগাঁও গ্রিডে যান্ত্রিক ত্রুটির কারণে লোডশেডিং হচ্ছে। মেরামত হয়ে গেলে লোডশেডিং কমে যাবে। | পল্লীবিদ্যুতের লোডশেডিং সহনীয় পর্যায়ে লাখার জন্য ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি -২ কানাইঘাটকে অনুরোধ করা হয়। | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি -২ কানাইঘাট, সিলেট |
| ২২ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগ | উপজেলা স্টেশন অফিসার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর প্রতিনিধি জানান, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের বিভাগীয় কার্যক্রম যথারীথি চলমান রয়েছে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট, সিলেট |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য আপা কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উক্ত প্রকল্পের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রত্যেক মাসিক সভায় উপজেলা তথ্য আপা কর্মকর্তাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | তথ্য আপা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৪ | পানি উন্নয়ন বোর্ড | উপসহকারী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পানি উন্নয়ন বোর্ডের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রত্যেক মাসিক সভায় উপসহকারী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ডকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপসহকারী প্রকৌশলী,পানি উন্নয়ন বোর্ড,সিলেট |
| ২৫ | ইসলামী ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামী ফাউন্ডেশন, কানাইঘাট সভায় উপস্থিত না থাকায় ইসলামী ফাউন্ডেশনের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রত্যেক মাসিক সভায় ফিল্ড সুপারভাইজার, ইসলামী ফাউন্ডেশন, কানাইঘাট উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা ফিল্ড সুপারভাইজার ইসলামী ফাউন্ডেশন কানাইঘাট,সিলেট |
| ২৬ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান,সিলেট জেলার তুলনায় জন্ম ও মৃত্যু নিবন্ধনে ক্ষেত্রে কানাইঘাট উপজেলা পিছিয়ে আছে। শিশু জন্মের পর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পূর্ণ ফ্রি। এব্যাপারে সচেতনতামূলক উদ্যোগ গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে তিনি অনুরোধ জানান। | জন্ম ও মৃত্যু নিবন্ধনে ক্ষেত্রে কানাইঘাট উপজেলাকে এগিয়ে নেওয়ার জন্য সচেতনতামূলক উদ্যোগ গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৭ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ১৮টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা টি এবং ১১ টি মামলা অনিষ্পত্তি ০৭ টি অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউনয়নের অনিস্পন্ন মামলাগুলো দ্রুত নিস্পত্তি করতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদের অনুরোধ করেন। | সকল অনিম্পন্ন মামলা দ্রুত নিস্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৮ | তথ্য অধিকার আইন,২০০৯ বাস্তবায়ন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারি দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভুক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারিণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিতকরণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টাল আপলোড করার অনুরোধ জানান। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক আনলাইন নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br><br>এমপিভুক্ত স্কুল কলেজ,মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল সরকারি/ বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও; সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান কানাইঘাট, সিলেট |
| ২৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(জাইকা) | উপজেলা ইউডিএফ(জাইকা)জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(জাইকা) এর আওতায় উপজেলা ওয়েবপোর্টালের হালনাগাদ তথ্য যাচাই পূর্বক আগামী প্রকল্প বরাদ্দ দেয়া হবে। এ লক্ষ্যে উপজেলার ১৭(সতের)টি স্থায়ী কমিটির মিটিং করা প্রয়োজন বলে সভাকে অবহিত করেন। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(জাইকা) এর আওতায় ওয়েবপোর্টালের হালনাগাদ তথ্য যাচাই ও প্রকল্প বরাদ্দের লক্ষ্যে জরুরী ভিত্তিতে ১৭(সতের)টি স্থায়ী কমিটির মিটিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত | উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ/ উপজেলা ইউডিএফ(জাইকা) কানাইঘাট,সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৩০ | বিবিধ | (ক) সভায় ০৩ নং দিঘীরপার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান উপজেলা কমপ্লেক্সের অভ্যন্তরে রাস্তা মেরামত করা জন্য উপজেলা নির্বাহী অফিসারকে ধন্যবাদ জানান। তিনি উপজেলা সমাজসেবা দপ্তরের রাস্তা ও উপজেলা আনসার ও ভিডিপি অফিসের রাস্তা মেরামতের উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান। তিনি বলেন, তাঁর ইউপিতে উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তরের নলকূপ স্থাপিত হলেও পাম্প এবং টেংকি দেওয়া হচ্ছে না। এব্যাপারে উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে তিনি অনুরোধ জানান।<br>(খ) সভায় ০৪ নং সাতবাঁক ইউনিয়ন চেয়ারম্যান জানান, তাঁর ইউপির গ্রাম পুলিশগণ যথাযথভাবে দায়িত্ব পালন করছে না। এব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান।<br>(গ) সভায় ০৫ নং বড় চতুল ইউনিয়ন চেয়ারম্যান জানান, তাঁর ইউপির মাতৃত্বকালীন ভাতাভোগীর তালিকার অনেকেই ভাতা পাচ্ছেনা। এব্যাপারে উপজেলা সমাজসেবা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন।<br>(ঘ) সভায় ০৭ দক্ষিণ বানীগ্রাম ইউনিয়ন চেয়ারম্যান জানান, তাঁর ইউপির কানাইঘাট টু গাছবাড়ী রাস্তায় বুরহান উদ্দিন রোডে নয়াগ্রাম ও ছত্রপুরের মধ্যখানে দুইটি ব্রীজের মুখ ডেবে যাওয়ায় যানবাহন চলাচলে বিঘ্ন গঠছে। এব্যাপারে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান।<br>(ঙ) সভায় উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের প্রশাসক উপজেলার সকল দপ্তরের ওয়েব পোর্টাল উপজেলা আইসিটি অফিসারের সহযোগিতায় হালনাগাদ করার জন্য আহবান জানান।উপজেলা পরিষদের প্রত্যেক দপ্তরের অফিস চত্বরে মাসে একদিন পরিস্কার পরিছন্নতা অভিযান পরিচালনার জন্য তিনি অনুরোধ জানান। তিনি প্রত্যেক দপ্তরের নৈশ প্রহরীরা যাতে সঠিক ভাবে দায়িত্ব পালন করে সে ব্যাপারে সচেতন থাকার জন্য সকল দপ্তর প্রধানগণকে অনুরোধ জানান। | (ক) উপজেলা সমাজসেবা দপ্তরের রাস্তা ও উপজেলা আনসার ও ভিডিপি অফিসের মেরামতের উদ্যোগ গ্রহণের জন্য কানাইঘাট পৌরসভার পৌর প্রশাসককে অনুরোধ করা হয়।<br>(খ) তাঁর ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ সম্পর্কে কোন অভিযোগ থাকলে তা লিখিত আকারে প্রেরণে জন্য ০৪ নং সাঁতবাক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।<br>(ঘ) দক্ষিণ বানীগ্রাম ইউনিয়ন চেয়ারম্যান জানান, তাঁর ইউপির কানাইঘাট টু গাছবাড়ী রাস্তায় বুরহান উদ্দিন রোডে নয়াগ্রাম ও ছত্রপুরের মধ্যখানে দুইটি ব্রীজের মুখ মেরামতের উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>(ঙ) !) সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়।<br>!!) উপজেলা পরিষদের প্রত্যেক দপ্তরের অফিস চত্বরে মাসে একদিন পরিস্কার পরিছন্নতা অভিযান পরিচালনার জন্য দপ্তর প্রধানগণকে অনুরোধ করা হয়। | (ক) প্রশাসক, কানাইঘাট পৌরসভা,সিলেট |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/০৭/২৫

তানিয়া আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, কানাইঘাট,সিলেট

CamScanner

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২২. ৬৬(৫০)

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩২ / ২৮ জুলাই ২০২৫

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৩। জেলা প্রশাসক, সিলেট
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৫। উপজেলা -------------------------------- কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
৬। চেয়ারম্যান ------------------------------ ইউনিয়ন পরিষদ (সকল), কানাইঘাট, সিলেট
৭। জনাব ------------------------------------ কানাইঘাট, সিলেট
৮। অফিস কপি

২৮/০৭/২৫

উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট

CamScanner